



শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
ISO 9001:2015, ISO 14001:2015 &
ISO 45001:2018 Certified

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

মানবসম্পদ ও প্রশাসন বিভাগ

...

সভাপতি	মোঃ আব্দুস সামাদ নির্বাহী পরিচালক (প্রকৌশল)
সভার তারিখ	১৫.১২.২২
সভার সময়	১২.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	...

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের নিমিত্ত সভার কার্যবিবরণী

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিসে গত ১৫/১২/২২ তারিখে কোম্পানির অংশীজনের অংশগ্রহণে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিস, বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প দপ্তরসমূহ থেকে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও, সভায় কোম্পানির অংশীজন (stakeholder) হিসেবে বহিঃসংস্থা হতে নিম্নোক্ত ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেনঃ

১	জনাব তানিয়া খান, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ
২	জনাব শৈলজা নন্দ বসাক, মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৩	জনাব মোঃ তারিকুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৪	জনাব মোঃ আবু রায়হান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৫	জনাব খন্দকার রবিউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট
৬	জনাব কাজি নওশাদ আজম, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো
৭	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো
৮	জনাব মোঃ মশিউর রহমান ভূঁইয়া, এইচএসএসই অফিসার, এসএনডব্লিউপিএল
৯	জনাব তৌফিক হাসান, সহকারী প্রকৌশলী, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ
১০	Mr Qiu Guo Quan, Project Manager, CMC
১১	জনাব হাফিজ-আল-রাশেদুল, Project Manager, Siemens Energy Bangladesh
১২	জনাব হাবিবুর রহমান, অফিসার (অপারেশন), পদ্মা অয়েল কোম্পানি লিঃ
১৩	জনাব রহিমা আক্তার হেনা, ওয়ার্ড কাউন্সিলর, খালিশপুর, খুলনা
১৪	জনাব মোসাঃ মনিজা বেগম, ওয়ার্ড মেম্বর, সয়দাবাদ ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ

আলোচনার শুরুতে, সভাপতি কোম্পানির অংশীজন হিসেবে বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ-এর পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর উল্লেখ করা হয়, কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে বিদ্যমান হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা আছে ও তদনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে এবং ত্রৈমাসিক প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হচ্ছে। এছাড়াও, প্রতি কোয়ার্টারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা হচ্ছে মর্মে উল্লেখ করা হয়।

এতদপ্রসঙ্গে, সভাপতি হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে রাখা ও তদনুযায়ী সেবা প্রদান এবং ত্রৈমাসিক প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও উল্লেখ করেন, অব্যাহতি, বদলী, পদোন্নতি বা অন্যান্য কারণে সিটিজেনস চার্টারে উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উর্ধ্বতন কর্মকর্তার নাম হালনাগাদ করা এবং সিটিজেন চার্টার এর বিষয়ে প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখা প্রয়োজন।

এপর্যায়, জনাব রহিমা আক্তার হেনা, ওয়ার্ড কাউন্সিলর, খালিশপুর, খুলনা- করোনা মহামারী ও প্রাকৃতিক দুর্যোগের সময় স্থানীয় জনগণকে খুলনা বিদ্যুৎ কেন্দ্র থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য বিদ্যুৎ কেন্দ্র ও নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এধরণের সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	বাস্তবায়ন লক্ষ্যমাত্রা
১	অংশীজন হিসেবে সভায় বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর পাশাপাশি ঠিকাদার, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও প্রশাসন এবং উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের আমন্ত্রণের ধারাবাহিকতা অব্যাহত রাখা।	মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র/ পিএন্ডডি বিভাগ	যথাসময়
২	সিটিজেন চার্টার এর বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা।	মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র	যথাসময়
৩	সিটিজেন চার্টার সর্বদা হালনাগাদ রাখা।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	যথাসময়
৪	সিটিজেন চার্টার বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা।	মানবসম্পদ বিভাগ	যথাসময়



মোঃ আব্দুস সামাদ
নির্বাহী পরিচালক (প্রকৌশল)

স্মারক নম্বর: ২৭.২৮.০০০০.৫০১.০৬.০০১.২০.১৫৩৯

তারিখ: ৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর প্রধান (সকল), কর্পোরেট অফিস, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
- ২) প্ল্যান্ট ম্যানেজার (সকল), নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
- ৩) প্রকল্প পরিচালক (সকল), নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।

Tasdir

তাসদিদুল আনোয়ার
সহকারী ব্যবস্থাপক (পিএমএস)